দৈনিক
ইনকিলাব

তারিখ : 5 JUN 2012
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষানীতির পূর্ণ বাস্তবায়নে বাজেটে বরাদ্দ চেয়েছে ১১ শিক্ষক সংগঠন

স্টাফ রিপোর্টার : বাজেট ঘোষণার প্রাক্কালে শিক্ষানীতির পূর্ণ বাস্তবায়ন এবং শিক্ষকদের ১১টি দাবি পূরণে প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে অর্থমন্ত্রীর বরাবর একটি লিখিত স্মারকলিপি দিয়েছে দেশের বেসরকারি স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষাকর্মীদের জাতীয় পর্যায়ের ১১টি সংগঠনের মোর্চা, জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট। গতকাল রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত-এর পক্ষে তাঁর একান্ত সচিব ড. মোহাম্মদ আবুল হাসান বেলা সাড়ে ১২টায় সচিবালয়ে ফ্রন্টের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের কাছ থেকে স্মারকলিপিটি গ্রহণ করেন। এসময় বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আজিজুল ইসলাম ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক উপস্থিত ছিলেন।

অর্থমন্ত্রীকে স্মারকলিপি

ফ্রন্টের লিখিত স্মারকলিপিতে শিক্ষানীতি ২০১০-এর আলোকে স্থায়ী শিক্ষা কমিশন ও বেসরকারি শিক্ষক নিয়োগের জন্য স্বতন্ত্র কমিশন গঠন, শিক্ষকতায় মেধা আকর্ষণের লক্ষ্যে শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো প্রবর্তন, বছরের পর বছর এমপিওবঞ্চিত প্রতিষ্ঠান ও শিক্ষক কর্মচারী, অনার্স-মাস্টার্স পাঠদানকারী বেসরকারি কলেজের শিক্ষক, ডিগ্রি কলেজে বিভিন্ন বিষয়ে তৃতীয় শিক্ষকদের জন্য এমপিও, মাধ্যমিকে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োগ, ১৯৯১-এর পরিবর্তে বর্তমান জাতীয় স্কেলে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের চিকিৎসা ভাতা, বার্ষিক প্রবৃদ্ধি ও বর্তমানের ১০০ টাকার পরিবর্তে সরকারি শিক্ষক-কর্মচারীদের অনুরূপ বাড়ি ভাড়া অথবা সম্মানজনক আবাসন সুবিধা, পূর্ণ পেনশন ও উৎসব ভাতা প্রদানের জন্য প্রয়োজনীয় বরাদ্দ চাওয়া হয়েছে।

শিক্ষা উন্নয়ন ও শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত বিভিন্ন প্রস্তাবের মধ্যে রয়েছে : শিক্ষার্থীদের পাঠক্রম ও শিক্ষকদের শিক্ষাক্রম প্রণয়ন, প্রাক-পেশা ও পেশাকালীন অব্যাহত প্রশিক্ষণ, শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে প্রাথমিক বিদ্যালয় ও পর্যায়ক্রমে মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা কমিটির নারী সদস্যের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের জন্য দুপুর বেলা রান্না করা গরম খাবারের ব্যবস্থা, শিক্ষা খাতে অভিভাবকদের ব্যয় ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনার জন্য খাতা, পেন্সিল, শিক্ষা উপকরণ বাবদ পরিবারের ব্যয় কমাতে বাজেটে অনুকূল ব্যবস্থা গ্রহণ, শ্রেণী কক্ষে শিক্ষকদের পাঠদান উন্নয়ন পর্যবেক্ষণ ও শিক্ষা প্রতিষ্ঠান ব্যবস্থাপনা পদ্ধতির সংস্কারের জন্য পর্যাপ্ত বাজেট বরাদ্দ; শিক্ষায় মেয়ে শিশু ও নারীর অংশগ্রহণের ক্ষেত্রে সূচিত ইতিবাচক ধারা জোরদারে বিদ্যালয়ের ভেতর ও বাইরে মেয়েদের নিরাপত্তা, প্রতি জেলা ও উপজেলা সদরে ছাত্রী ও নারী শিক্ষকদের জন্য যৌথ নিবাস স্থাপনের জন্য অর্থ সংস্থান, প্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের জন্য বিশেষ বরাদ্দ এবং মূলধারার পাঠ্য-পুস্তকগুলোকে ব্রেইল-এ রূপান্তর, বিজ্ঞানের ক্রম হ্রাসমান শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে বিজ্ঞান চর্চায় উৎসাহিতকরণে বিশেষ প্রণোদনা, সুবিধাবঞ্চিত সকল জনগোষ্ঠী, বিশেষ করে গ্রামীণ ও নগর দরিদ্র এবং আদিবাসীদের শিক্ষার সুযোগ সম্প্রসারণের জন্য পর্যাপ্ত বাজেট বরাদ্দের দাবি জানিয়েছে শিক্ষক সংগঠনগুলো।